

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

মুখপাত্র

www.sec.gov.bd

সূত্র নং- বিএসইসি/ মুখপাত্র/০২/২০২৪/৬৬

তারিখ:

১৯ কার্তিক ১৪৩১ বঙ্গাব্দ

০৪ নভেম্বর ২০২৪ খ্রিষ্টাব্দ

প্রেস বিজ্ঞপ্তি

বিষয়: লভ্যাংশ বিতরণ এবং ‘উৎসে কর কর্তন সার্টিফিকেট’ ইস্যুকরণের সাথে সাথে বিনিয়োগকারীকে এসএমএস বা ইমেইলের মাধ্যমে সংশ্লিষ্ট বিষয়ে অবগতকরণ ও প্রয়োজনীয় কমপ্লায়েন্স নিশ্চিতকরণে বিএসইসি’র নির্দেশনা প্রসঙ্গে।

লভ্যাংশ বিতরণ ও ‘উৎসে কর কর্তন সার্টিফিকেট’ ইস্যুকরণ এবং সংশ্লিষ্ট বিষয়ে বিনিয়োগকারীদের তাৎক্ষণিক অবগতকরণের মাধ্যমে প্রয়োজনীয় কমপ্লায়েন্স নিশ্চিতকরণে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) ঢাকা স্টক এক্সচেঞ্জ পিএলসি ও চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ পিএলসি এর মাধ্যমে তালিকাভুক্ত কোম্পানিগুলো বরাবর চিঠি পাঠিয়েছে। চিঠিতে বিএসইসি’র জানুয়ারি ১৪, ২০২১ তারিখে ইস্যুকৃত ডিরেকটিভ নং BSEC/CMRCD/2021-386/03 এর (3)(vi) নং শর্তের যথাযথ পরিপালন নিশ্চিত করার নির্দেশনা দেওয়া হয়েছে। উক্ত চিঠির মাধ্যমে মূলত তালিকাভুক্ত কোম্পানিগুলোকে নগদ লভ্যাংশ বিতরণ (disbursement) এবং বিতরণকৃত লভ্যাংশের উপর কর্তনকৃত উৎসে করের বিষয়ে ‘উৎসে কর কর্তন সার্টিফিকেট’ ইস্যুকরণের সাথে সাথে বিনিয়োগকারীকে এসএমএস বা ইমেইলের মাধ্যমে সংশ্লিষ্ট বিষয়ে অবগতকরণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা দেওয়া হয়েছে। একইসাথে উক্ত চিঠির মাধ্যমে এতদসংশ্লিষ্ট কমপ্লায়েন্স নিশ্চিতকরণে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) ঢাকা স্টক এক্সচেঞ্জ পিএলসি ও চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ পিএলসি এবং তালিকাভুক্ত কোম্পানিগুলোকে সরাসরি নির্দেশনা দিয়েছে যাতে এ সংক্রান্ত প্রয়োজনীয় কমপ্লায়েন্স এর সম্পূর্ণ পরিপালন নিশ্চিত হয়।

দেশের পুঁজিবাজারে বিনিয়োগকারীদের স্বার্থে এবং তাদের কল্যাণে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত বিএসইসি কাজ করছে। বিনিয়োগকারীরা যেন নগদ লভ্যাংশ বিতরণ (disbursement) এবং ‘উৎসে কর কর্তন সার্টিফিকেট’ ইস্যুকরণসহ তাদের বিও অ্যাকাউন্ট সংক্রান্ত বিভিন্ন বিষয়ের তথ্য তাৎক্ষণিক পেতে পারেন এবং অবগত থাকেন সেই বিষয়টি নিশ্চিত বিএসইসি এক্সচেঞ্জ এবং তালিকাভুক্ত কোম্পানিগুলোকে নিয়ে কাজ করছে। একইসাথে এই উদ্যোগের মাধ্যমে বিনিয়োগকারীদের তাদের বিনিয়োগের কর সংক্রান্ত তথ্য দ্রুত এবং সহজে পাবেন যা আয়কর রিটার্ন দাখিল ও তাতে বিনিয়োগ সংক্রান্ত তথ্য প্রদানকে সহজতর করবে।



মোহাম্মদ রেজাউল করিম

নির্বাহী পরিচালক ও মুখপাত্র